

## বাংলাদেশ দূতাবাস

### টোকিও

#### জন্ম নিবন্ধন সনদ

- বাংলাদেশের ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশনের পাশাপাশি অত্র দূতাবাস থেকেও প্রবাসী বাংলাদেশীদের অনুকূলে জন্মনিবন্ধন সনদপত্র (Birth Registration Certificate) জারী করা হচ্ছে। জন্ম সনদের জন্য প্রথমে ওয়েব সাইট থেকে বাংলা লেখার সফটওয়্যার অত্র ফ্রন্ট (Avro) ডাউনলোড করুন। এরপর [www.br.lgd.gov.bd](http://www.br.lgd.gov.bd) ওয়েব সাইটে প্রবেশ করুন। অতপর **BR Application**-এ ক্লিক করুন। এরপর **নির্বাচন করুন**-এ ক্লিক করে **বাংলাদেশ দূতাবাস সমূহ** সিলেক্ট করুন। এরপর **নির্বাচন করুন**-এ ক্লিক করে **জাপান** সিলেক্ট করুন। এরপর **পরবর্তী** ক্লিক করলে জন্ম নিবন্ধন অনলাইন আবেদনের প্রথম পৃষ্ঠা আসবে। প্রথম পৃষ্ঠায় পাসপোর্ট নাম্বারটি ইংজেরীতে পূরণ করুন। প্রথম পৃষ্ঠার অবশিষ্ট তথ্যাবলী বাংলায় পূরণ করুন। এরপর **পরবর্তী** ক্লিক করে ২য় পৃষ্ঠার যাবতীয় তথ্য ইংরেজীতে পূরণ করে **পরবর্তী** ক্লিক করুন। এর পর **সংরক্ষণ**-এ ক্লিক করুন। অতঃপর **প্রিন্ট** করুন। প্রিন্ট কপিতে নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করুন। এই প্রিন্টআউট, বর্তমান পাসপোর্টের ফটোকপি, আবেদনকারী জাপানে জন্ম গ্রহণ করে থাকলে জাপানে জন্ম গ্রহণের প্রমাণপত্র (ওয়ার্ড অফিস/হাসপাতালের জন্ম সার্টিফিকেট এর কপি) এবং পিতা ও মাতার পাসপোর্ট এর ০১-০৫ পৃষ্ঠা পর্যন্ত ফটোকপি এবং দূতাবাসের অনুকূলে প্রতি সনদপত্রের বিপরীতে উপরে উল্লেখিত একাউন্টে ইয়েন ১০০০(এক হাজার) জমা প্রদানের মূল রশিদ প্রদান করুন। প্রত্যেক আবেদনকারী ডাউনলোডকৃত আবেদনপত্রের ৪ নং প্যারায় অবশ্যই নাম এবং স্বাক্ষর প্রদান করুন। জন্ম সনদপত্র প্রাপ্তির জন্য ব্যক্তিগতভাবে উপরোক্ত কাগজপত্রসহ দূতাবাসে উপস্থিত হতে চাইলে আগাম দিনক্ষণ ঠিক করে আসতে হবে। এ্যাপয়েন্টমেন্ট ছাড়া আসলে সেবা প্রদান করা সম্ভব হবে না।
- এ ছাড়াও জাপানে অথবা বিদেশে জন্মগ্রহণকারী অপ্রাপ্ত/বয়স্ক বাংলাদেশীদের ক্ষেত্রে ইংরেজী অনুবাদসহ বিদেশী জন্মসনদের কপি (ওয়ার্ড অফিস/হাসপাতালের জন্ম সনদের ফটোকপি) আবেদন পত্রের সাথে সংযুক্ত করুন।
- পূর্ণ বয়স্ক/বাংলাদেশে জন্মগ্রহণকারী যারা বর্তমানে জাপানে অবস্থান করছেন তাদের ক্ষেত্রে আবেদন পত্রের সাথে পিতা/মাতার পাসপোর্টের কপি অথবা পিতা/মাতার জাতীয় পরিচয় পত্রের ফটোকপি অথবা আবেদনকারীর এস.এস.সি বা সমমানের শিক্ষা সমাপনী পরীক্ষা পাসের সনদের ফটোকপি অথবা স্থানীয় কর্তৃপক্ষ (সিটি কর্পোরেশন/ক্যান্টনমেন্ট বোর্ড/ইউনিয়ন পরিষদ) কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ পত্র জমা দিতে হবে।



**দূতাবাসে এমআরপি এবং অন্যান্য কনসুলার ডকুমেন্ট জমা দেয়ার সময়সূচী নিম্নরূপ :**

প্রতি কার্যদিবস সকাল ৯.৩০ থেকে দুপুর ১.০০টা এবং দুপুর ২.০০টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত

**ডেলিভারী :** নিম্নোক্ত ডকুমেন্টসমূহ সাধারণত তিন কর্মদিবস পরে ডেলিভারী প্রদান করা হয় :

- ১) অনলাইন জন্মসনদ
- ২) ডকুমেন্ট সত্যায়ন
- ৩) জাতীয়তা সনদ
- ৪) হাতে লেখা পাসপোর্ট নবায়ন
- ৫) হাতে লেখা পাসপোর্ট সংশোধন/Endorsement

কনসুলার সেবা সংক্রান্ত যে কোন ফি জমা দেবার একাউন্ট নম্বর :

১০০৮০-৭৩৭৯৬৭৫১ (জাপান পোস্ট ব্যাংক)

কনসুলার সেবা সংক্রান্ত যে কোন তথ্যের জন্য নিম্নের নম্বরে যোগাযোগ করুনঃ

০৩-৫৭০৪-০২১৮

দূতাবাস আপনাদের সেবায় সর্বদা নিয়োজিত আছে। আপনাদের সহযোগিতা আমাদের কাম্য।